

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা অধিশাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং ৪৬.০৪৪.০১৪.০০.০০.০০৭.২০১৬- ৬০

তারিখ : ১৯ ডিসেম্বর ২০১৬

বিষয় : অমিতাভ সরকার, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ এর নামে মিথ্যা পরিচয় দিয়ে অসৎ উদ্দেশ্যে ফোন করে অর্থ অথবা বিভিন্ন সুবিধা দাবী করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, আমি অমিতাভ সরকার বর্তমানে যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা হিসেবে কর্মরত আছি। বেশ কিছুদিন যাবৎ একটি অসাধু চক্র ০১৮৭৬০৭৮২৬৮ ও ০১৬৭১৪৩০০৪৯ (এছাড়াও অন্য কোন নম্বর থাকতে পারে) নম্বর মোবাইল ফোন থেকে বিভিন্ন জেলার জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারদের নিকট ফোন করে নিজেকে অমিতাভ সরকার, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ নামে পরিচয় দিয়ে তাদের নিকট হতে কোন উপজেলা পরিষদ চেয়ারম্যান বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নাম ও মোবাইল নম্বর সংগ্রহ করে অথবা ঐসকল ব্যক্তিদের তার সাথে কথা বলতে বলে।

২। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এর সাথে কথা বলার সময় দুইচক্রটি নিজেকে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব অমিতাভ সরকার পরিচয় দিয়ে তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলছে বলে উল্লেখ করে সেটি নিষ্পত্তির জন্য বিভিন্ন অংকের টাকা বি-কাশ এর মাধ্যমে প্রেরণ করতে বলে। এছাড়াও, বিভিন্ন বিষয়ে বিভিন্ন রকম তদবীর করে থাকে।

৩। দুইচক্রটি প্রাক্তন জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা, অতিরিক্ত জেলা প্রশাসক, খুলনা, মৌলভীবাজার, ঠাকুরগাঁও, হবিগঞ্জ, জয়পুরহাট, যশোর ও নোয়াখালী এবং উপজেলা নির্বাহী অফিসার, দীঘলিয়া, খুলনা; শ্যামনগর, সাতক্ষীরা; কুলাউড়া, মৌলভীবাজার; শরণখোলা, বাগেরহাট; উপজেলা পরিষদ চেয়ারম্যান, ফুলগাজী, ফেনী; শরণখোলা, বাগেরহাট এর সাথে অমিতাভ সরকার পরিচয় দিয়ে কথা বলেছে (আরও অন্যকোন কর্মকর্তার সাথে কথা বলে থাকতে পারে)। সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের মাধ্যমে বিষয়টি আমি অবহিত হয়েছি। প্রত্যেক চক্রটি বিভিন্নভাবে সাধারণ মানুষকে প্রতারণা করে যাচ্ছে এতে স্থানীয় সরকার বিভাগের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে এবং নিম্নস্বাক্ষরকারীর জন্য বিব্রতকর অবস্থার সৃষ্টি হয়েছে। বর্ণিত অভিযোগের বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশের শাহাবাগ থানায় একটি সাধারণ ডায়েরি দায়ের করা হয়েছে যার নং ৫১৫; তারিখ : ০৮ নভেম্বর ২০১৬।

৪। এমতাবস্থায়, বিষয়টি উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলায় কর্মরত কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। কোন ব্যক্তি অমিতাভ সরকার হিসেবে পরিচয় দিয়ে কথা বলে কারো কাছে কোন তদবীর করলে বা কোন প্রলোভন বা ভয়ভীতি প্রদর্শন করে অর্থ দাবী করলে তা তাৎক্ষণিকভাবে নিকটস্থ থানায় ও নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৫। বিষয়টি অতীব জরুরী।

(অমিতাভ সরকার)

যুগ্মসচিব

ফোন: ৯৫৪০৪৮৯

ফোন : ০১৭১২৯৯৯২৪

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

.....উপজেলা.....জেলা।